১৬২

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]
**[অফিস আদেশ]**

নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০৭.০২৬.২০১৫/ ৬৩৬ — তারিখ: ১৭/১১/২০২১ খ্রি:।

**বিষয়:** কাস্টমস বন্ড সম্পর্কিত বিভিন্ন সেবা প্রদান কার্যক্রমে গতিশীলতা আনয়নে কার্যক্রমভিত্তিক সময়সীমা নির্ধারণ।

কাস্টমস বন্ড সম্পর্কিত বিভিন্ন সেবা প্রদান কার্যক্রমে গতিশীলতা আনয়ন এবং সংশ্লিষ্ট স্টেক-হোল্ডারগণকে দ্রুততম সময়ের মধ্যে সেবা প্রদান নিশ্চিতকরণের লক্ষ্যে কার্যক্রম ভিত্তিক সময়সীমা নির্ধারণের প্রয়োজনীয়তা পরিলক্ষিত হওয়ায় নিম্নবর্ণিত ছক অনুসারে কলাম (২) এ উল্লিখিত কার্যক্রম/সেবা প্রদানের ক্ষেত্রে কলাম (৩),(৪), (৫,) (৬) ও (৭) এ প্রদর্শিত সময়সীমা নির্ধারণ করা হলো; যথা:

| ক্র. নং | সেবার নাম | সর্বোচ্চ সময়সীমা | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | শাখা | এআরও | আরও | এসি/ডিসি | জেসি/ এডিসি |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | নতুন বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সের আবেদন উপস্থাপন | ১ দিন | ৩ দিন | ১ দিন | ২ দিন | ২ দিন |
| ২ | সাময়িক বন্ড রেজিস্ট্রেশন প্রদানের আবেদন উপস্থাপন (ইপিজেড এর জন্য) | ১ দিন | ৩ দিন | ১ দিন | ২ দিন | ২ দিন |
| ৩ | ইপিজেড এর বন্ড লাইসেন্স প্রদানের আবেদন উপস্থাপন | ১ দিন | ৩ দিন | ১ দিন | ২ দিন | ২ দিন |
| ৪ | শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের নিরীক্ষা ও প্রাপ্যতার আবেদন উপস্থাপন | ১ দিন | ৩ দিন | ১ দিন | ২ দিন | ২ দিন |
| ৫ | পোশাক শিল্প প্রতিষ্ঠানের বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স বিজিএমইএ কর্তৃক সুপারিশের আলোকে নবায়ন | ১ দিন | ১দিন | ১ দিন | ১দিন | ২ দিন |
| ৬ | বিদ্যমান বন্ড সুবিধায় Continuous/ Extention Bond প্রদানের আবেদন উপস্থাপন | ১ দিন | ৩ দিন | ১ দিন | ২ দিন | ২ দিন |
| ৭ | জেনারেল বন্ড সম্পাদনের আবেদন উপস্থাপন | ১ দিন | ২দিন | ১ দিন | ২ দিন | × |
| ৮ | মালিকানা পরিবর্তনের আবেদন উপস্থাপন | ১ দিন | ৩ দিন | ১ দিন | ২ দিন | ২ দিন |
| ৯ | কারখানা সাময়িক স্থানান্তরের আবেদন উপস্থাপন | ১ দিন | ৫দিন | ১ দিন | ২ দিন | ২ দিন |
| ১০ | কারখানা চূড়ান্ত স্থানান্তরের আবেদন উপস্থাপন | ১ দিন | ৫দিন | ১ দিন | ২ দিন | ২ দিন |
| ১১ | লিয়েন ব্যাংক সংযোজন বা পরিবর্তন বা শাখা পরিবর্তনের আবেদন উপস্থাপন | ১ দিন | ২দিন | ১ দিন | ১দিন | × |
| ১২ | বন্ডেড প্রতিষ্ঠান সমূহের অফিস ঠিকানা পরিবর্তনের আবেদন | ১ দিন | ৫দিন | ১ দিন | ২ দিন | ২ দিন |
| ১৩ | প্রচ্ছন্ন রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠানের মেশিনারীজ স্থাপন/ সংযোজনের আবেদন | ৭ দিন | ১দিন | ২ দিন | ২ দিন | ২ দিন |
| ১৪ | বন্ডেড প্রতিষ্ঠানের কারখানা সম্প্রসারণ আবেদন | ১ দিন | ৭দিন | ১ দিন | ২ দিন | ২ দিন |
| ১৫ | বন্ড লাইসেন্সে কাঁচামাল (H.S Code) বা রপ্তানি পণ্য সংযোজন/ বিয়োজন | ১ দিন | - | - | ৩ দিন | ২ দিন |
| ১৬ | বন্ড সুবিধায় আমদানি কাঁচামালের বন্ডিং মেয়াদ বৃদ্ধির আবেদন | ১ দিন | ৭ দিন | ১ দিন | ২ দিন | ২ দিন |
| ১৭ | স্থায়ী আন্তঃ বন্ড স্থানান্তরের আবেদন | ১ দিন | ৭ দিন | ১ দিন | ২ দিন | ২ দিন |
| ১৮ | বন্ডেড শিল্প প্রতিষ্ঠানের দৈব দুর্বিপাতের কারণে ক্ষতিগ্রস্থ বা ধ্বংস প্রাপ্ত কাঁচামালের শুল্ককর মওকুফের আবেদন উপস্থাপন | ১ দিন | ৫ দিন | ১ দিন | ৫ দিন | ৫ দিন |
| ১৯ | বন্ডেড প্রতিষ্ঠানসমূহের কারখানা সম্প্রসারণের | ১ দিন | ৭ দিন | ১ দিন | ২ দিন | ২ দিন |

| ক্র. নং | সেবার নাম | সর্বোচ্চ সময়সীমা | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | শাখা | এআরও | আরও | এসি/ডিসি | জেসি/ এডিসি |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | আবেদন উপস্থাপন | | | | | |
| ২০ | অস্থায়ী আন্ত বন্ড স্থানান্তর (সাব কন্ট্রাক্ট) ইপিজেড এর ক্ষেত্রে | ১ দিন | ২ দিন | ১ দিন | ২ দিন | × |
| ২১ | প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের ইউপি (ইউটিলাইজেশন পারমিশন ইস্যু) ইস্যু করণ | × | ১দিন | × | ১দিন | × |
| ২২ | দাবীনামা সমন্বয়/ বকেয়া রাজস্বের কিস্তি নির্ধারণের আবেদন উপস্থাপন | ১ দিন | ২দিন | ১ দিন | ২ দিন | ১ দিন |
| ২৩ | খালাসের জন্য বন্দরে অপেক্ষমান কাঁচামাল ছাড়করণের প্রত্যয়নপত্র | ১ দিন | ২ দিন | ১ দিন | ২ দিন | ১ দিন |
| ২৪ | আমদানি প্রাপ্যতা বৃদ্ধি | ১ দিন | ২ দিন | ১ দিন | ২ দিন | - |
| ২৫ | আমদানিকৃত কাঁচামালের বিপরীতে প্রদত্ত ব্যাংক গ্যারান্টি অবমুক্তির অনুমোদন | ১ দিন | ২দিন | ১ দিন | ২ দিন | - |

২। **উপর্যুক্ত ছকে উল্লিখিত সময়সীমা নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে পরিপালনীয় হবে, যথা:-**

(ক) কোন আবেদন সংশ্লিষ্ট বন্ড অফিসার/ শাখা কর্তৃক গৃহীত হওয়া সাপেক্ষে উপর্যুক্ত ছকের সময়সীমা প্রযোজ্য হবে;

(খ) নথিতে সুনির্দিষ্ট কোনো জিজ্ঞাসা বা স্পষ্টিকরণের ক্ষেত্র ব্যতীত কোন কর্মকর্তার নিকট নথি অনিষ্পন্ন রাখা যাবে না। কোন ক্ষেত্রে উল্লিখিত সময়সীমার অতিরিক্ত সময় প্রয়োজন হলে উর্ধ্বতন কর্তৃপক্ষের (সংশ্লিষ্ট যুগ্ম/অতিরিক্ত কমিশনার, অথবা কমিশনার) নিকট হতে যুক্তি প্রদর্শনপূর্বক তাঁর অনুমোদন নিতে হবে;

(গ) কোন আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে যুক্তিসংগত কোনো জিজ্ঞাসা বা স্পষ্টিকরণের লক্ষ্যে অতিরিক্ত সময় প্রয়োজন হলে তা আলোচ্য সময়সীমার অতিরিক্ত হিসেবে গণ্য হবে;

(ঘ) অসম্পূর্ণ আবেদন দাখিল করা হলে এবং কোন ক্ষেত্রে পরিদর্শন প্রয়োজন হলে, উল্লিখিত সময়সীমা প্রযোজ্য হবে না;

(ঙ) বন্ড লাইসেন্স প্রদান ও নিরীক্ষা কার্যক্রমের ক্ষেত্রে সময়সীমার বিষয়টি লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ অনুযায়ী নির্ধারিত পদ্ধতিতে ব্যবস্থিত হবে।

০৩। অনুচ্ছেদ-১ এ বর্ণিত ছকে যে সকল কার্যক্রম উল্লেখ নেই, সে সকল কার্যক্রম সংশ্লিষ্ট দপ্তরের স্থায়ী আদেশ, বা জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা অনুযায়ী ব্যবস্থিত হবে।

০৪। অনুচ্ছেদ-১ এ উল্লিখিত সময়সীমার বিষয়ে জটিলতা সৃষ্টি হলে, কিংবা কোন ক্ষেত্রে উক্ত সময়সীমা পরিবর্তন/সংশোধনের প্রয়োজন হলে সংশ্লিষ্ট কমিশনার যেরূপ যৌক্তিক বিবেচনা করেন, সেরূপে সময়সীমা পুণ:নির্ধারণ করতে পারবেন।

০৫। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

২৭/১১/২২


**(মোঃ মশিয়ার রহমান মন্ডল)**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com


**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে :**

১-২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

৩-৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা/রাজশাহী/রংপুর/যশোর/খুলনা/সিলেট।

৯। কমিশনার, কাস্টম হাউস, মোংলা।

১৬০

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০৭.০২৬.১৫/ তারিখ: ১৭/১১/২০২১ খ্রিঃ।

**অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১-৩। নির্বাহী চেয়ারম্যান, বেজা/বেপজা/হাই-টেক পার্ক, ঢাকা।
৪। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৫। পি এ টু সদস্য গ্রেড-১ (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৬। সভাপতি, দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাঃ, ঢাকা।
৭। সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ঢাকা চেম্বার বিল্ডিং, ঢাকা।
৮। সভাপতি, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, চেম্বার হাউস, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৯। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, ২৩/১, পান্থপথ লিংক রোড, কাওরান বাজার, ঢাকা।
১০। সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার (১৩ তলা) ১৩/এ সোনারগাঁও রোড, বাংলা মটর, ঢাকা।
১১। সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন (বিটিএমএ), ঢাকা।
১২। সভাপতি, বাংলাদেশ ট্যানারি এসোসিয়েশন (বিটিএ), ঢাকা।
১৩। সভাপতি, বাংলাদেশ ফ্রোজেন ফুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন, ঢাকা।
১৪-১৫। অফিস কপি/গার্ড কপি।

(মোঃ মশিয়ার রহমান মন্ডল)
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com